

🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯: ৫৭

া আরবি মূল আয়াত:

أَو تَقُولَ لَو أَنَّ اللَّهَ هَدُننِي لَكُنتُ مِنَ المُتَّقِينَ ﴿٥٧﴾

🗚 অনুবাদসমূহ:

অথবা যাতে কাউকে একথাও বলতে না হয়, 'আল্লাহ যদি আমাকে হিদায়াত দিতেন তাহলে অবশ্যই আমি মুব্তাকীদের অন্তর্ভুক্ত হতাম'। — আল-বায়ান

অথবা এ কথা যেন বলতে না হয় যে, আল্লাহ যদি আমাকে সঠিক পথ দেখাতেন, তাহলে আমি অবশ্যই মুত্তাকীদের অন্তর্ভুক্ত হতাম। — তাইসিরুল

অথবা কেহ যেন না বলেঃ আল্লাহ আমাকে পথ প্রদর্শন করলে আমিতো অবশ্যই মুক্তাকীদের অন্তর্ভুক্ত হতাম। — মুজিবুর রহমান


Or [lest] it say, "If only Allah had guided me, I would have been among the righteous." — Sahih International

৫৭. অথবা কেউ যেন না বলে, হায়! আল্লাহ্ আমাকে হিদায়াত করলে আমি তো অবশ্যই মুন্তাকীদের অন্তর্ভুক্ত হতাম।

তাফসীরে জাকারিয়া

- (৫৭) অথবা কেউ না বলে, 'আল্লাহ আমাকে পথপ্রদর্শন করলে আমি তো অবশ্যই সাবধানীদের অন্তর্ভুক্ত হতাম।' [1]
 - [1] অর্থাৎ, যদি আল্লাহ আমাকে হিদায়াত দান করতেন, তবে আমি শিরক এবং পাপাচার থেকে বেঁচে যেতাম। এটা ঠিক মুশরিকদের উক্তির মতই; যা অন্যত্র উদ্ধৃত হয়েছে। ﴿لَوْ شَاءَ اللَّهُ مَا أَشْرَكْنَا ﴿ ''যদি আল্লাহ চাইতেন, তাহলে আমরা শিরক করতাম না।'' (সূরা আনআমঃ ১৪৮) তাদের এই কথা كَلِمَةُ حَقِّ أُرِيْدَ بِهِ الْبَاطِلُ (কথা ভালো কিন্তু উদ্দেশ্য মন্দ) এর মতনই। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন